গাংনীতে শিক্ষকের বিরুদ্ধে ছাত্রী যৌন হয়রানির অভিযাগ

গাংনী উপজলার হিন্দা এইচএমএইচভি মাধ্যমিক বালিকা বিদ্যালয়র সহকারি শিক্ষকের বিরুদ্ধ ছাত্রী যৌন হয়রানির অভিযাগো ফুঁসে উঠছে অভিভাবক ও এলাকাবাসি।

অভিযুক্ত শিক্ষকের বিচার দাবীতে তারা অফিস ঘেরাও করেন। অবশেষে গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ঘটনাস্থল পরিদর্শন করে অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে বিচারের আশ্বাসে দিলে এলাকাবাসি ও অভিভাবকরা শান্ত হন।

জানা গেছে, গত রবিবার সকালের দিকে বিগত ১৫ সেপ্টেম্বর রবিবার বিদ্যালয়র সহকারী প্রধান শিক্ষক সামসুল হক খান তার বিদ্যালয়ের ৮ম শ্রেনীর এক ছাত্রীক কুপ্রস্তাব দিয়ে বুকের সাথে জড়িয়ে ধরেন। ঘটনাটি ঐ ছাত্রী তার সহপাঠি ও পরিবারের লোকজনকে জানায়। পরিবারের পক্ষ থেকে বিষয়টি প্রধান শিক্ষক আব্দুল হালিমকে অভিযোগ দেন। ঘটনার জন্য অভিযুক্ত শিক্ষক সামসুল হক খানের বিচার দাবি করেন। ঘটনাটি এক সপ্তাহ পার হলেও প্রধান শিক্ষক আব্দুল হালিম তার বিচার না করে ঘটনাটি ধামাচাপা গড়িমসি করেন।

বর্তমান বিদদ্যালয় পরিচালনা কমিটি পরিচালনা কমিটির সভাপতি ও গাংনী উপজলা নির্বাহী অফিসার প্রীতম সাহার কাছে গেলে তিনি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনে মোবারককে তদন্তের জন্য ঘটনাস্থলে যেতে বলেন।

এ নিয়ে বিদ্যালয় প্রাঙ্গণে এলাকার শত শত লোকজন জড়ো হলে উত্তেজনা ছড়িয়ে পড়ে। এক পর্যায় বিদ্যালয় ছেড়ে পালিয়ে যান অভিযুক্ত শিক্ষক।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনে মোবারক ঘটনাস্থলে তদন্ত করেন। এসময় গাংনী উপজেলা একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ আল মাসুম উপস্থিত ছিলেন।

তিনি পৃথক পৃথকভাব বিভিন্ন ক্লাসের ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবকদের সাথে কথা বলেন। পরে উপস্থিত সাংবাদিকদের বলেন, “যৌন হয়রানির সত্যতা পেয়েছেন”।

করেন। পরে একই পদে কিরণ নামের একজনকে অফিস সহকারী পদে নিয়োগ দিয়ে ১০ লাখ টাকা বাণিজ্য করেন। অফিসিয়াল আইন কানুন তোয়াক্কা না করে নিজ ক্ষমতা দেখিয়ে একাধিকবার কারন দর্শানো নোটিশ দিয়ে এক পর্যায় ২০২৩ সালে তাকে স্থায়ীভাবে অব্যাহতি দেন।

প্রধান শিক্ষকর দুর্নীতি তুলে ধরতে বিদ্যালয়র সাবেক সভাপতি ওবায়দুল হক দুলাল (দায়িত্বকাল ২০১২-২০১৬ ইং) জানান, আমি সভাপতি থাকা কালীন সময় কোনরকম দুর্নীতি করত পারেনি। পরবর্তীতে আমার স্বাক্ষর জাল কর ব্যাক ডেটে কয়েক জন শিক্ষক কর্মচারী নিয়োগ দিয়ে প্রধান শিক্ষক মোটা অংকের টাকা হাতিয়ে নিয়েছেন। তিনি জানান, প্রধান শিক্ষক আব্দুল হালিম একজন সুদব্যবসায়ী। তার পরিবারের বিরুদ্ধে রয়েছে নানা অভিযোগ।

বিদ্যালয় সরেজমিনে অফিসারদের তদন্ত করার সময় গ্রামর ওয়ার্ড বিএনপির নতা ওবায়দুল হক দুলাল, শাহজাহান আলী, সাবেক মেম্বর জাকির হোসন, সাবেক মেম্বর মিজানুর রহমান, বিএনপি নেতা আবাস আলী, যুবদল নেতা সিদ্দিকুর রহমান, রিংকু উপস্থিত ছিলেন।

উপজলা শিক্ষা অফিস সূত্র জানা গেছে, গ্রামবাসীর আবেদনের প্রেক্ষিতে অভিযুক্ত শিক্ষক সামসুল হকক সাময়িক বরখাস্ত করা হয়েছে। পরবর্তীত সুষ্ঠু তদন্ত সাপেক্ষ তার বিরুদ্ধ আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

গাংনীতে শিক্ষক সমাজের সংবাদ সম্মেলনে নানা অভিযোগ

গাংনীতে উপজেলা শিক্ষা অফিসার নাছির উদ্দীনের বিরুদ্ধে আনীত অভিযোগের তীব্র নিন্দা ও প্রতিবাদে শিক্ষক সমাজের সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা পরিষদ চত্বরে শিক্ষক সমাজের আয়োজনে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক (চলতি দায়িত্ব) নুরুল আমিন এবং বাহাগুন্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মাসুদ পারভেজ স্কুলে প্রায় অনুপস্থিত থাকেন। বিষয়টি নিয়ে শিক্ষা অফিসার কারন দর্শানো নোটিশ দিলে তারা শিক্ষা অফিসারকে নানাভাবে অপমানিত ও লাঞ্ছিত করেছে। এসব শিক্ষক মানসিক রোগী বলেও আখ্যায়িত করেছেন তারা। এই চক্রের সাথে জড়িতদের নামও উল্লেখ করেন। তারা হলেন, শিক্ষক মাঝহারুল ইসলাম, দানেচুর রহমান, মুক্তি, পারভেজ সাজ্জাদ রাজা, নুরুজ্জামান, তারিকুজ্জামান, আমানুল্লাহ, মাহবুবসহ আরও অনেকে। দীর্ঘ ১৬ বছর যাবত দায়িত্ব প্রাপ্ত শিক্ষা অফিসারদের রাজনৈতিকভাবে ভয়ভীতি দেখিয়ে নানা অপকর্ম ও নামে বেনামে টাকা উত্তোলন করে ভাগ বাটোয়ারা করেছে বলে অভিযোগ করেন তারা।

বর্তমানে তাদের কথামত কাজ না করায় শিক্ষা অফিসারদের বিরুদ্ধে সাংবাদিকদের দিয়ে হেনস্তা করছে এবং বিভিন্ন দপ্তরে শিক্ষা অফিসারদের বিরুদ্ধে দরখাস্ত করছে। বিগত সময়ে দায়িত্বরত শিক্ষা অফিসার মো. মোস্তাফিজুর রহমান, ফারুক হোসেন, আকবর আলী, মো. সামসুজ্জামান, আতাউর রহমান, আলঅউদ্দীন এবং বর্তমান শিক্ষা অফিসার নাছিরউদ্দীনকেও বলির পাঠা বানিয়ে নানাভাবে হেনস্তা করা হচ্ছে বলে অভিযোগ করেন তারা।

অভিযোগে আরও জানান, মোমিনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (চলতি দায়িত্ব) নুরুল আমিন বিনা অনুমতিতে অনুপস্থিত সহ নানা অনিয়ম তুলে স্থানীয় অভিভাবকদের অভিযোগের ভিত্তিতে ২৪/০৯/২০২২ ২৯/০৯/২০২২, ২১/০৩/২০২৩, ২৫/০১/২০২৪ এবং ০৪/০২/২০২৪ খ্রী: অনুপস্থিত থাকার কারনে কারন দর্শানো নোটিশ দেয়া হয়। তিনি নোটিশের কোন জবাব দেননি। এসব অভিযোগের ভিত্তিতে সহকারী উপজেলা শিক্ষা অফিসার মো. আরিফ হাসান স্কুল পরিদর্শনে গেলে ২১/০৩/২০২৩ ও ০৪/০৪/২০২৩ তারিখে তাকে অনুপস্থিত পাওয়া গেলে কারন দর্শানো নোটিশ দেয়া হয়। ২০২৩ সালে তিনি মুভমেন্ট রেজিস্টার ব্যবহার ও হালনাগাদ করেননি। নৈমিত্তিক ছুটির রেজিষ্টারও হালনাগাদ করেননি।তিনি ১৭/০১/২০২৪ ও ১৮/০১/২০২৪ তারিখে বিদ্যালয়ে অনুপস্থিত ছিলেন।

এব্যাপারে ক্লাষ্টার অফিসার ২১/০১/২০২৪ তারিখে পরিদর্শনে গেলে তাকে অনুপস্থিত পাওয়া যায়। একইভাবে ক্লাষ্টার অফিসার আরিফ হাসান স্কুল পরিদর্শনে গেলে ১ থেকে ৩ সেপ্টেম্বর, ২৪ তারিখেও অনুপস্থিত ছিলেন। এছাড়াও তিনি সরকারিভারে প্রদানকৃত ল্যাপটপ বিক্রি করে দিয়েছিলেন।পরে শিক্ষা অফিসার ব্যবস্থা নেয়ার কারনে পরবর্তীতে

ল্যাপটপ ফেরত দেয়।

এসব অভিযুক্তদের সুষ্ঠু তদন্ত সাপেক্ষে আইনের আওতায় নিলে থলের বিড়াল বেরিয়ে আসবে এবং তাদের শাস্তি নিশিচত হলে শিক্ষার পরিবেশ ফিরে আসবে বলে জানান এসব শিক্ষকবৃন্দ।

সাবেক এমপি খোকন ও সাবেক ওসি হরেন্দ্রনাথ সরকারের নামে চাঁদাবাজি মামলা

পাঁচ লাখ টাকা চাঁদার দাবী ছিলো গাংনী থানার তৎকালিন ওসি হরেন্দ্রনাথ সরকার, সাবেক এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনসহ অন্যান্য আসামিদের। ভিকটিম এসব আসামিদের হাতে ২ লাখ টাকা চাঁদা দিয়েও মুক্তি পাননি। ওসি হরেন্দ্র নাথ সরকার দাবিকৃত ৫ লাখ টাকা চাঁদা না পেয়ে ভিকটিমকে শারীরিকভাবে নির্যাতনসহ ক্রস ফায়ারের হুমকি ও আগ্নেয়াস্ত্রসহ ৩ টি মিথ্যা মামলা দিয়ে চালান দেন কোর্টে।

ঘটনার পাঁচ বছর পর গাংনী পৌরসভার চৌাগাছা গ্রামের ভিকটিম মনিরুজ্জামান(৪৪) বাদী হয়ে বিজ্ঞ আমলী আদালত, গাংনীর বিচার জাহিদুর রহমানের আদালতে ২১ জনকে আসামি করে ধারা ৩৬৪/৩৮৫/৩৮৬/৩৮৭/১১৪/৫০৬(২০) পিসি একটি মামলা দায়ের করেছেন।

মামলায় অন্যান্য আসামিরা হলেন, গাংনী থানার তৎকালিন উপপরিদর্শক (এসআই) আব্দুল হক, এসআই বখতিয়ার, এসআই ইসরাফিল হক এসআই নারদ কুমার, এএসআই শরীফুল ইসলাম, এএসআই রেদওয়ানুল হক, ডিএসবির কনস্টেবল বজলুর রহমান, চৌকিদার মো: শামীম, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, গাংনী উপজেলার ভবানীপুর গ্রামের আওয়ামীলীগ নেতা আইতাল হক, আব্দুর রশিদ, গাংনী শহরের আব্দুল খালেক, গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক চৌগাছা গ্রামের মজিরুল ইসলাম মিয়া, নিশিপুর গ্রামের আব্দুল কাদের, বামন্দী বাসস্ট্যান্ড এলাকার রাজনুল হক, শিমুলতলা গ্রামের

আকছেদ আলী, কাজিপুর গ্রামের মো:স্বপন আলী, মো: ঝন্টু, ও মটমুড়া ইউনিয়নের চেয়ারম্যান সোহেল আহমেদ।

বাদী মনিরুজ্জামানের মামলার এজাহােও জানা গেছে, ২০১৮ সালের ১৮ ডিসেম্বর বিকাল আনুমানিক সাড়ে ৪ টার সময় বাদি গাংনী উপজেলা শহরের আব্দুল মালেক ফল ভান্ডারের সামনে দাঁড়িয়ে ছিলেন। এসময় আসামি চৌকিদার মো: শামীম আমাকে ডেকে নিয়ে যুবলীগ নেতা মোশাররফ হোসেনের অফিসে যায়। আমি সেখানে পৌছানো মাত্রই ১২ থেকে ২১ নং আসামিরা আমাকে চড় থাপ্পর মারতে থাকেন। এসময় তারা বলেন ৫ লাখ টাকা চেয়েছিলাম। এখনো পরিশোধ করিসনে কেনো। পরে আমার পরিবারের লোকজনকে ৯ নং আসামি ডিএসবি কনেস্টবল বজলুর রহমান আমার বাড়িতে খবর দেন। পরে পরিবারের লোকজন ১ লাখ টাকা নিয়ে মোশাররফ হোসেনের অফিসে আসেন। এসময় তিনি আরও টাকা দাবি করেন। তাদের দাবিকৃত টাকা দিতে না পারায় থানা পুলিশকে খবর দেন। পরে গাংনী থানার এস আই আব্দুল হকের নেতৃত্বে ৬/৭ জন পুলিশ এসে আমাকে আটক করে থানায় নেন। পরে তৎকালিন ওসি হরেন্দ্র নাথ সরকারের অফিস কক্ষে আমাকে চোখ বেঁধে ও পিচ মোড়া করে হাতে হ্যান্ডকাপ পরিয়ে মারপিট করতে থাকে।

এসময় ওসি হরেন্দ্রনাথ সরকার বলেন ৫ লাখ টাকা না দিলে আজ রাতেই তোকে ক্রস ফায়ার দিয়ে হত্যা করবো। এক পর্যায়ে চোখ বেঁধে পুলিশের গাড়িতে তুলে নিয়ে মাঠে নিয়ে ক্রস ফায়ারের ভয় দেখায়। এক পর্যায়ে অকথ্য নির্যাতনের ফলে রাত আনুমানিক ১ টার দিকে আমার খালার কাছ থেকে ও মায়ের স্বর্ণালংকার বিক্রির দুই লাখ টাকা দিই। তারপরেও আমাকে না ছেড়ে দিয়ে বাকি দুই লাখ টাকা না পেয়ে আমাকে নিয়ে অস্ত্র উদ্ধারের মিথ্যা ঘটনা সাজায়। পরে একটা সার্টারগান ও বিস্ফোরক আইনে অন্য দুটি মিথ্যা মামলা দিয়ে পরের দিন আদালতে প্রেরণ করেন। মামলাগুলো এখন আদালতে বিচারাধীন। এসব মিথ্যা মামলার ফলে আমার শারীরিক ও মানষিক ক্ষতি হয়েছে। এতোদিন পরিস্থিতি অনুকুলে না থাকায় মামলা করার সাহষ পাইনি।

মামলার বাদী পক্ষের আইনজীবি অ্যাডভোকেট কামরুল হাসান জানান, বিজ্ঞ বিচারক আমাদের আরজি শুনে খুশি হয়ে গাংনী থানা পুলিশকে মামলাটি নথিভ’ক্ত করার আদেশ দিয়েছেন। আমরা আশা করছি আমরা আদালতে ন্যায় বিচার পাবো।

গাংনীতে নার্সদের পতাকা মিছিল ও মানববন্ধন

মেহেরপুর গাংনীতে শিক্ষিত নার্স চাই দাবীতে মানববন্ধন ও পতাকা মিছিল করেছে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্টাফ নার্স ও মিডওয়াইফারি নার্সগণ।

আজ মঙ্গলবার সকাল ১১ টায় সময় গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে মানববন্ধন ও পতাকা মিছিল করেন তারা।

মানববন্ধনে নেতৃত্বদেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নার্সিং সুপারভাইজার মোছাম্মত আমেনা খাতুন। এসয় বক্তব্য রাখেন সিনিয়র স্টাফ নার্স সাইদা মরিয়ম, রাফিজা খাতুন, শাহিনা খাতুন, সুমিয়ারা।

বক্তরা বলেন,বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মহাপরিচালক মাকসুদা নুর নার্সদের নিয়ে কুটুক্তি করেন। ওই কর্মকর্তার বিচারের দাবীতে প্রতিবাদ ও মানববন্ধন ও পতাকা মিছিল আয়োজন করেছি।

এ ছাড়াও মানববন্ধনে গাংনীর সন্ধানী নার্সিং ইনস্টিটিউটের শিক্ষার্থীরা অংশ গ্রহন করেন।

গাংনীতে বিএনপি নেতার দোকানের সামনে বোমা সাদৃশ্য বস্তু ও

কাফনের কাপড় রেখে প্রাণনাশের হুমকি

গাংনীর গোপালনগর গ্রামের বিএনপি নেতার দোকানের সামনে থেকে দুইটি বোমা সদৃশ্য বস্তু, কাফনের কাপড়ের টুকরো ও প্রাণনাশের হুমকি সম্বলিত চিরকুট উদ্ধার করেছে পুলিশ।

আজ শুক্রবার (১৩ সেপ্টেম্বর) সকালে গাংনী উপজেলার গোপালনগর গ্রামের বটতলা মোড় থেকে থানা পুলিশ এগুলো উদ্ধার করে।

জানা গেছে, রাইপুর ইউনিয়ন বিএনপি সাধারণ সম্পাদক রবিউল ইসলামের মুদি দোকানের সামনে একটি বাজারকরা ব্যাগের মধ্যে দুটি বোমা, কাফনের কাপড়ের টুকরো ও একটি চিরকুট রেখে যায় দূর্বৃত্তরা। হাতে লেখা চিরকুটে বিএনপি নেতা রবিউল ইসলামকে উদ্দেশ্য করে লেখা ‘ ‘রবিল/মরার জন, তৌরি হয়। বোমা ও কাপন, পাঠালাম।‘‘ নিচে তিনটি দাগের মধ্যে দুই বার ‘লাল’ ‘লাল’ লেখা রয়েছে।

সকালে পাশের চা দোকানী আরশাদ আলী প্রথমে এগুলো দেখতে পান। পরে গাংনী থানা পুলিশকে খবর দেন। খবর পেয়ে গাংনী থানার এসআই শিমুল হোসেন সঙ্গীয় ফোর্স নিয়ে এগুলো উদ্ধার করেন।

স্থানীয়রা জানান, আরশাদ আলীর দোকানের পাশেই রাইপুর ইউনিয়ন বিএনপি সাধারণ সম্পাদক রবিউল ইসলামের মুদি দোকান।

এব্যাপারে গাংনীর রাইপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক রবিউল ইসলাম বলেন, সম্প্রতি ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান নির্বাচন করা নিয়ে স্থানীয় আওয়ামী লীগ নেতাকর্মীদের সাথে দ্বন্দের জেরে এগুলো রাখা হতে পারে।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম জানান, খবর পেয়ে পলিশ পাঠিয়ে বোমা সাদৃশ্য বস্তু দুটি পানিতে চুবিয়ে নিষ্ক্রিয় করে থানায় নেওয়া হয়েছে। আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে ব্র্যাক পরিচালিত কার্যক্রম পরিদর্শন করলেন ইউএনও

ব্র্যাক যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচীর আওতায় শিক্ষকদের ওরিয়েন্টেশন কার্যক্রম পরিদর্শন করলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

গাংনীর ৩ টি মাধ্যমিক বিদ্যালয়ের ১৫ জন শিক্ষকের অংশগ্রহণে টিবি, ম্যালেরিয়া, এইচআইভি, এইডস, ডেঙ্গু, ডায়রিয়া ও জলবায়ু পরিবর্তন জনিত রোগের বিজ্জর রোধে করনীয় বিষয়ক ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে।

বেসরকারী উন্নয়ন সংস্থা ব্র্যাক কর্তৃক বাস্তবায়নাধীন টিবি কনট্রোল প্রোগ্রামের আওতায় গতকাল বৃহস্পতিবার (১২ সেপ্টেম্বর) দিনব্যাপী গাংনী উপজেলায় এ ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী প্রীতম সাহা।

এসময় তিনিসকল অংশগ্রহণকারীদের বিদ্যালয় পরিচ্ছন্ন রাখা ও শিক্ষার্থীদের যক্ষ্মা, ডেঙ্গু সহ অন্যান্য রোগ বিষয়ে সচেতন করে তোলার পাশাপাশি তাদের এসাইনমেন্ট প্রদান করে বিদ্যালয়ের মনিটরিং এর মাধ্যমে কারো কার্যকর পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। এছাড়াও শিক্ষকদের এবিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের আহ্বান জানান।

ওরয়েন্টেশন অনুষ্ঠানে মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডাঃ মেহেদী হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ হোসেন মোবারক।

ওরিয়েন্টেশনে প্রেজেন্টেশন উপস্থাপন করেন প্রোগ্রাম অফিসার ব্রাক টিবি কন্ট্রোল প্রোগ্রাম আক্তার হোসেন। বিস্তারিত তুলে ধরেন ব্র্যাক জেলা ব্যবস্থাপক, টিবি কনট্রোল প্রেগ্রাম অচিন্ত কুমার বোস।
ওরিয়েন্টেশন সঞ্চালনা করেন মেহেরপুর জেলা ব্র্যাক সমন্বয়ক শেখ

“১৭ বছর আওয়ামী দানব সরকার বাংলাদেশকে কারাগারে পরিণত করেছিলো”–বাবলু

গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু বলেছেন, ১৭ বছর আওয়ামী দানব সরকার বাংলাদেশকে একটি কারাগারে পরিণত করেছিলো। ফ্যাসিস্ট সরকার তাদের ক্ষমতা আঁকড়ে ধরে রাখতে এমন কোনো অন্যায় অত্যাচার, জুলুম নির্যাতন নয় তারা করেনি। ৫ আগষ্ট এদেশের ছাত্র-জনতা জীবন বাজি রেখে ফ্যাসিস্ট সরকারকে উৎখাত করেছে। ছাত্র-জনতার সেই স্বপ্ন বাস্তবায়নে দেশ নায়ক তারেক রহমানের নেতৃত্বে আগামীর বাংলাদেশ হবে সুখি সমৃদ্ধ উন্নতমানের বাংলাদেশ।

আজ শুক্রবার বিকালে গাংনী উপজেলার হিজলবাড়িয়া হাইস্কুল মাঠে সাহারবাটি ইউনিয়ন বিএনপি আয়োজিত বিশাল জনসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

সাহারবাটি ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি ও ভারপ্রাপ্ত ইউপি চেয়ারম্যান আব্দুল খালেকের সভাপতিত্বে অনুষ্ঠিত জনসভায় প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা কৃষক দলের আহবায়ক মাহবুবুর রহমান।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন কাজিপুর ইউনিয়ন বিএনপির সভাপতি মতিউর রহমান মোল্লা, গাংনী পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক গোলাম মোস্তফা ডাকু, গাংনী পৌর যুবদলের যুগ্ম আহবায়ক মনিরুজ্জামান মনি, গাংনী পৌর জাসাসের সাধারণ সম্পাদক মোহা: সুলেরী আলভী, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হুসাইন, ঢাকা কলেজ ছাত্র দলের যুগ্ম সাধারণ সম্পাদক রাশিদুল ইসলাম রাশেদ।

সাহারবাটি ইউনিয়নের সাবেক ছাত্র নেতা ফারুক আহমেদ ও সাবেক ছাত্র

নেতা এনামুল হক এনামের সঞ্চালনায় অনুষ্ঠিত জনসভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, ৫ নং ওয়ার্ড যুবদলের সভাপতি মিজানুর রহমান, সাধারণ সম্পাদক আসাদুজ্জামান, ৫ নং ওয়ার্ড ছাত্র দলের সভাপতি রাকিবুল ইসলাম, পৌর কৃষকদলের নেতা আমিনুল ইসলাম, ৬ নং ওয়ার্ড যুবদলের সভাপতি মতিয়ার রহমান, ৪ নং ওয়ার্ড যুবদলের সভাপতি শিপন আলী প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে আসাদুজ্জামান বাবলু আরও বলেন, বিগত ১৭ বছরে বিএনপি ও সহযোগী সংগঠনের হাজার হাজার নেতাকর্মীকে মামলা হামলা করে দেশান্তরি করা হয়েছে। পুলিশ ও আইনশৃংখলা রক্ষাকারী বাহিনীকে দিয়ে মিথ্যা মামলায় আটক ও নির্যাতন করেছে। ৫ আগষ্ট এদেশের ছাত্র-জনতা রক্ত ক্ষয়ী বিপ্লবের মধ্যে দিয়ে স্বেরাচারকে বিদায় দিয়েছে। ছাত্র-জনতার সেই স্বপ্নের দেশকে বিনির্মানে দেশ নায়ক তারেক রহমান কাজ শুরু করেছেন।

তিনি আরো বলেন, আওয়ামী ফ্যাসিস্টরা দেশ থেকে পালিয়ে গিয়ে বিভিন্ন ভাবে ষড়যন্ত্র করছে। আমাদের যুদ্ধ শেষ হয়নি তাদের সেই ষড়যন্ত্রকে রুখতে সবাইকে সচেতন থাকতে হবে। একটি নির্বাচন পর্যন্ত সবাইকে সজাগ থেকে পরাজিত হাসিনার প্রেতাত্মাদের রুখতে হবে।

জনসভায় এলাকার হাজার হাজার নেতাকর্মী উপস্থিত ছিলেন।

“৫ আগষ্ট ছাত্র-জনতার বিপ্লবে নতুন বাংলাদেশ পেয়েছি”–জাভেদ মাসুদ মিল্টন

মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহসভাপতি শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন বলেছেন ৫ আগষ্ট ছাত্র-জনতার রক্তক্ষয়ী বিপ্লবের মধ্যে দিয়ে আমরা নতুন বাংলাদেশ পেয়েছি। গণতন্ত্র ফেরাতে এই বিপ্লবে এদেশের বহু ছাত্র-জনতা তাদের জীবন উৎসর্গ করেছেন। ছাত্র-জনতার সেই স্বপ্ন বাস্তবায়নে বিএনপি কাজ করছে।

তিনি বলেন, বিএনপি ও অন্যান্য দলকে নিশ্চিহ্ন করতে এমন কোনো অত্যাচার নেই তারা তা করেনি। তারপরেও শহীদ জিয়ার আদর্শের সৈনিকদের এই দেশ থেকে তাঁড়াতে পারেনি। অথচ, তারা এক মাসের লড়াই সংগ্রামেই টিকতে পারেনি। আওয়ামী লীগের মন্ত্রী এমপিরা থেকে শুরু করে সবাই দেশ ছেড়ে পালিয়ে গেছে।

তিনি বলেন, বাংলাদেশ একটি সৌহার্দ সম্প্রীতির দেশ। এখানে সব ধর্মের মানুষ এক কাতারে বসবাস করেন। এখানে সংখ্যা লঘু বলে কিছু নেই। পরাজিত আওয়ামী অপশক্তি সংখ্যালঘু নির্যাতনের মিথ্যা ধুঁয়া তুলে ফায়দা লুটতে চাই। সেটা এদেশের মানুষ হতে দেবেনা।

১৯৭১ সাল থেকে ২০২৪ সালের ৫ আগষ্ট পর্যন্ত এদেশের সকল গণতান্ত্রিক আন্দোলনে যে সকল শহিদরা তাদের বুকের তাঁজা রক্ত দিয়েছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করেন এবং পঙ্গুত্ব বরণকারী ও চিকিৎসাধীন সকল ভাই বোনদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন তিনি।

উল্লেখ্য, দুর্যোগপূর্ণ আবহাওয়ার মধ্যেও বিএনপি ও সহযোগী সংগঠনের হাজার নেতাকর্মী ধানের শীষ,ব্যানার ফ্ল্যাকার্ডসহ খন্ড খন্ড মিছিল সহকারে এসে সমাবেশস্থল যোগ দেন।

বিএনপি, যুবদল ও বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতাকর্মী উপস্থিতিতে কানায় কানায় পরিপূর্ণ হয়ে ওঠে রাইপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠসহ আশপাশের বিল্ডিং ও রাস্তাঘাট। সমাবেশে এলাকার শতশত নারীরাও উপস্থিত ছিলেন ধানের শীষ আর প্ল্যাকার্ড নিয়ে।

গাংনীর কাথুলীতে ইউনিয়ন বিএনপির কর্মী সভা অনুষ্ঠিত

গাংনীর কাথুলীতে ইউনিয়ন বিএনপি কর্মীদের নিয়ে কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার বিকেল ৪ টার সময় কাথুলী ইউনিয়নের ধলা মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টনের নির্দেশনায় কাথুলী ইউনিয়ন যুবদলের সভাপতি ও কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক

গাংনীতে কলেজ ছাত্রকে খুর চালিয়ে হত্যার চেষ্টা

পূর্ব শত্রুতার জের ধরে খুর মেরে কলেজ ছাত্র মোঃ আরাফাত হোসেন
(১৯) কে হত্যার চেষ্টা চালিয়েছে গাংনী উপজেলা শহরের লাভলু হোসেন ও তার ছেলে রাজুসহ কয়েকজনে।

আহত মোঃ আরাফাত হোসেন গাংনী পৌরসভার নয় নং ওয়ার্ডের বাসিন্দা, পৌর স্বেচ্ছাসেবক দলের আহবায়ক এনামুল হকের ছেলে ও সে মেহেরপুর সরকারি কলেজের অনার্স প্রথম বর্ষে অধ্যয়নরত। ঘটনাটি গত ৯ সেপ্টেম্বর সকাল সাড়ে ১১ টার সময় গাংনী উপজেলা শহরের জেলা পরিষদ মার্কেটে লাভলুর সেলুনের দোকানের সামনে ঘটে।

আহত আরাফাত হোসেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।

এঘটনায় লাভলু তার ছেলে রাজুসহ ৫/৬ জনকে আসামি করে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

স্থানীয়রা জানান, ঘটনার সময় আরাফাত হোসেন মোটরসাইকেল লাভলু হোসেনের সেলুনের সামনে রাখায় তার ছেলে রাজু অশ্রাব্য ভাষায় গালাগাল করেন। এর প্রতিবাদ করাই সেলুনের ভিতর থেকে লাভলু এসে খুর দিয়ে গলা বরাবর পোস দেই। এসময় গলা সরিয়ে নিলে আরাফাত হোসেনের নিচের ঠোঁট থেকে গলা পর্যন্ত কেটে যায়। তার শরীরে তিনটি স্থানে গুরুতর জখম হয়। এসময় স্থানীয়রা ছুটে এলে লাভলু হোসেন ও তার লোকজন পালিয়ে যায়।

গাংনী পৌরসভার সাবেক ভারপ্রাপ্ত মেয়র ও উপজেলা বিএনপির সহ-সভাপতি ইনসারুল হক ইনসু বলেন, পূর্ব পরিকল্পনায় তুচ্ছ ঘটনায় ভাতিজা আরাফাত হোসেনকে হত্যার প্রচেষ্টা করেছে। এই ঘটনার সাথে জড়িতদের গ্রেফতার ও শাস্তির আওতায় আনতে হবে।

কলেজ ছাত্র আরাফাতের পিতা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক এনামুল হক জানান, পূর্ব শত্রুতার জের ধরে পরিকল্পিতভাবে আমার ছেলেকে হত্যার প্রচেষ্টা চালিয়েছে। আমি এই ঘটনার ন্যায্য বিচার চাই।

এদিকে তুচ্ছ ঘটনায় কলেজ ছাত্রকে খুর চালিয়ে হত্যা চেষ্টার অপরাধে

বিক্ষুব্ধ জনতা তার সেলুনের দোকানে হামলা চালায়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম জানান, আসামিদের গ্রেফতার করতে অভিযান চালানো হচ্ছে।